*ই-মেইলে*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
[কাস্টমস: WCO Affairs শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.০২.২৫.৩১৯ তারিখ: ২৪ নভেম্বর ২০২৫ খ্রিঃ।

**বিষয়: আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপন উপলক্ষে জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা ও এর অধীনস্থ দপ্তরসমূহে অনুষ্ঠান আয়োজন।**

উপর্যুক্ত বিষয়ের প্রতি সংশ্লিষ্ট সকলের সানুগ্রহ দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। প্রতিবছর World Customs Organization (WCO) এর উদ্যোগে বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও বিপুল উৎসাহ উদ্দীপনার সাথে "আন্তর্জাতিক কাস্টমস দিবস" উদযাপন করা হয়ে থাকে। বরাবরের ন্যায় জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক আগামী বছর ২৬ জানুয়ারি ২০২৬ খ্রিঃ তারিখে আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপন করা হবে। এ লক্ষ্যে চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা'র নেতৃত্বে জাতীয় রাজস্ব বোর্ড-এর সদস্যগণের সমন্বয়ে নিম্নোক্তভাবে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) এ সংক্রান্ত একটি কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটি গঠন করা হয়েছে:

| ক্র. নং | স্টিয়ারিং কমিটি | অবস্থান |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সভাপতি |
| ২. | সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য সচিব |
| ৩. | সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৪. | সদস্য (কর নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৫. | সদস্য (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৬. | সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৭. | সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৮. | সদস্য (মূসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ৯. | সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ১০. | সদস্য (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |

০৩। দিবসটি উদযাপন উপলক্ষে গঠিত কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটির সভাপতি ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ আবদুর রহমান খান, এফসিএমএ, মহোদয়ের সভাপতিত্বে গত ১৮ নভেম্বর ২০২৫ খ্রিঃ তারিখে সকাল ০৯:৩০ টায় একটি সভা অনুষ্ঠিত হয়। আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপন উপলক্ষে কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটি কর্তৃক উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

I. আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ এর কেন্দ্রীয় মূল অনুষ্ঠান/সেমিনারটি আনুমানিক ৫০০ জন অতিথি/কর্মকর্তার উপস্থিতিতে জাতীয় রাজস্ব বোর্ডের মাল্টিপারপাস হলে আয়োজন করা হবে।

II. আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপন উপলক্ষে Keynote Paper উপ-কমিটি কর্তৃক কেন্দ্রীয়ভাবে একটি Keynote Paper প্রস্তুত করে সকল কাস্টমস হাউস/কমিশনারেটে প্রেরণ করার উদ্যোগ গ্রহণ করা হবে। Keynote Paper প্রস্তুত করার সময় World Customs Organization (WCO) কর্তৃক নির্ধারিত স্লোগান/ Theme সংশ্লিষ্ট জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহীত ও গৃহীতব্য কার্যক্রমের উপর আলোকপাত করা হবে। ঢাকার বাহিরের কাস্টমস হাউস/কমিশনারেটসমূহ উক্ত Keynote Paper স্ব-স্ব দপ্তরে অনুষ্ঠেয় সেমিনারে উপস্থাপন করবেন।

III. দিবসটি উদযাপন উপলক্ষে জাতীয় রাজস্ব বোর্ড ভবনসহ কাস্টমস ও ভ্যাট দপ্তরসমূহ কাস্টমস দিবস বিষয়ক ব্যানার, এক্স-ব্যানার ও ফেস্টুন দ্বারা সজ্জিত করা হবে। এবারের কাস্টমস দিবসে কোন প্রকার আলোকসজ্জা করা হবে না।

IV. কাস্টমস ও কাস্টমস দিবসের তাৎপর্য তুলে ধরে বিভিন্ন টিভি চ্যানেলে টক-শো আয়োজন করা হবে।

V. প্রত্যেক দপ্তরপ্রধান কর্তৃক স্থানীয়ভাবে রেডিও, টেলিভিশনে কাস্টমস দিবস বিষয়ক বিজ্ঞাপন ও স্লোগান প্রচার করা হবে।

VI. World Customs Organization (WCO) কর্তৃক এবছরের আন্তর্জাতিক কাস্টমস দিবসের স্লোগান নির্ধারিত হলে তা কাস্টমস দিবস উদযাপন কমিটির মাধ্যমে সবাইকে যথাসময়ে অবহিত করা হবে।

VII. World Customs Organization (WCO) কর্তৃক নির্ধারিত আন্তর্জাতিক কাস্টমস দিবসের প্রতিপাদ্য বিষয়সহ বৈশ্বিক পরিমন্ডলে কাস্টমস বিষয়ক আধুনিক Concepts এর ওপর আলোকপাত করে ইলেকট্রনিক ভার্সনে একটি E-Souvenir প্রকাশ করা হবে।

VIII. আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপন উপলক্ষে মূল অনুষ্ঠানে/ সেমিনারে মধ্যাহ্নভোজ (প্যাকেট) পরিবেশন করা হবে।

IX. গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মোবাইল অপারেটরদের মাধ্যমে কাস্টমস সংক্রান্ত এসএমএস প্রচার করা হবে।

X. আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপনে সার্বিক ব্যয় সংকোচন নীতি অনুসরণ করা হবে।

XI. ঢাকাস্থ এবং ঢাকার বাহিরের কাস্টমস হাউস/কমিশনারেটসমূহে আঞ্চলিক/উপ-কমিটি গঠনপূর্বক স্ব-স্ব ব্যবস্থাপনায় জাতীয় পর্যায়ের ন্যায় বর্তমান আর্থিক ব্যয় নীতি অনুসরণ করে আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপন করা হবে।

০৪। কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটির সার্বিক নির্দেশনায় আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপনের নিমিত্তে বিভিন্ন অনুষ্ঠানসমূহ আয়োজনের লক্ষ্যে নিম্নছকে বর্ণিত কাস্টমস দিবস উদযাপন কমিটি গঠন ও কার্যপরিধি নির্ধারণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপন কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| ১. | সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহবায়ক |
| ২. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ৩. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| ৪. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| ৫. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য |
| ৬. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীল কমিশনারেট, ঢাকা-১, ঢাকা | সদস্য |
| ৭. | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীল কমিশনারেট, ঢাকা-২, ঢাকা | সদস্য |
| ৮. | কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা | সদস্য |
| ৯. | কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা | সদস্য |
| ১০. | কমিশনার, কাস্টমস হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা | সদস্য |
| ১১. | কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা | সদস্য |
| ১২. | কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (উত্তর), ঢাকা | সদস্য |
| ১৩. | কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ১৪. | কমিশনার, কাস্টমস রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা | সদস্য |
| ১৫. | মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ১৬. | মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ১৭. | মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পন পরিদপ্তর, ঢাকা | সদস্য |
| ১৮. | মহাপরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর (মূসক), ঢাকা | সদস্য |
| ১৯. | প্রথম সচিব (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ২০. | প্রথম সচিব (কাস্টমস: আধুনিকায়ন ও প্রকল্প ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ২১. | প্রথম সচিব (বোর্ড প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| ২২. | প্রথম সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

(ক) কেন্দ্রীয় ও আঞ্চলিকভাবে অনুষ্ঠিতব্য অনুষ্ঠানসমূহ সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান এবং উক্ত নির্দেশনা সমূহের সময়ানুগ পরিপালন নিশ্চিত করার লক্ষ্যে প্রয়োজনীয় মনিটরিং।

(খ) আঞ্চলিক কমিটি ও উপ-কমিটিসমূহের সাথে সার্বক্ষণিক যোগাযোগ করে গৃহীত কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও কর্মপন্থা নির্ধারণ। এবং

(গ) বিবিধ।

০৫। এছাড়াও দিবসটি সুষ্ঠুভাবে উদযাপনের নিমিত্ত ১১ (এগার) টি উপ-কমিটি এবং ০৮ (আটটি) টি আঞ্চলিক কমিটি গঠন করা হলো। উল্লেখ্য, উপ-কমিটিসমূহের আহ্বায়কগণ কমিটিতে নির্ধারিত সদস্যের অতিরিক্ত প্রয়োজনীয় সংখ্যক সদস্য কো-অপ্ট করতে পারবেন।

**[ক.১] উপ-কমিটিসমূহ:**

i) কেন্দ্রীয় সেমিনার আয়োজন ও অভ্যর্থনা উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| (১) | কমিশনার, কাস্টমস হাউস আইসিডি, কমলাপুর, ঢাকা | আহবায়ক |
| (২) | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস হাউস, আইসিডি, ঢাকা | সদস্য |
| (৩) | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস হাউস, আইসিডি, ঢাকা | সদস্য |
| (৪) | উপ/সহকারী কমিশনার (সকল), কাস্টমস হাউস, আইসিডি, ঢাকা | সদস্য |
| (৫) | উপ কমিশনার-১, কাস্টমস হাউস, আইসিডি, ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

(ক) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কাযক্রমের বিষয়ে আন্তর্জাতিক কাস্টসম দিবস ২০২৬ উদযাপন কমিটির আহ্বায়ক এবং সদস্য সচিবকে অবহিত করবেন। নিমন্ত্রণ উপ-কমিটির সাথে সমন্বয় করে চূড়ান্ত নিমন্ত্রণ তালিকা অনুযায়ী প্রধান অতিথি, বিশেষ অতিথিসহ অন্যান্য অতিথির জন্য সম্মেলন কক্ষে পদমর্যাদা অনুযায়ী আসন-বিন্যাস ও আসন চিহ্নিতসহ সার্বিক ব্যবস্থাপনা ও শৃঙ্খলা বিধান করা এবং এ বিষয়ে হালনাগাদ তথ্য আহ্বায়ক মহোদয়কে ১৫ জানুয়ারি ২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অবহিত করবেন।

(খ) আমন্ত্রিত প্রধান অতিথি এবং বিশেষ অতিথিসহ অন্যান্য অতিথিগণের আগমন, অভ্যর্থনা, আসন গ্রহণ ও প্রস্থান বিষয়ে আপ্যায়ন উপ-কমিটির সাথে সমন্বয় সাধনপূর্বক কার্যক্রম গ্রহণ করা।

(গ) অতিথিবৃন্দকে সুষ্ঠুভাবে স্বাগত জানানো ও যথাযথ প্রটোকল প্রদান করা।

(ঘ) পবিত্র কোরআন তেলাওয়াতের ব্যবস্থা করা।

(ঙ) উপস্থাপনা তদারকি এবং নিরবচ্ছিন্ন শব্দযন্ত্রের ব্যবস্থা করা।

(চ) আপ্যায়ন উপ-কমিটির সাথে সমন্বয় সাধনপূর্বক সেমিনারের জন্য মঞ্চসহ সম্মেলন কক্ষের সাজ-সজ্জা সম্পন্ন করা।

(ছ) সম্মেলন কক্ষের ব্যানারের বক্তব্য নির্বাচন ও ব্যানার তৈরি করা।

(জ) অনুষ্ঠান চলাকালীন সম্মেলন কক্ষে মাল্টিমিডিয়া স্ক্রিন, কম্পিউটার/ল্যাপটপ, অডিও-ভিডিও সিস্টেম, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সংযোগ নিশ্চিতপূর্বক অভিজ্ঞ টেকনিশিয়ান দ্বারা পুঙ্খানুপুঙ্খরূপে মনিটরিং এর ব্যবস্থা করা।

(ঝ) Keynote Paper উপ-কমিটির সাথে যোগাযোগপূর্বক Keynote Paper এর কপি সংগ্রহ করা।

(ঞ) সেমিনার শুরুর প্রারম্ভে Keynote Paper, আন্তর্জাতিক কাস্টমস দিবস ২০২৬ এর শ্লোগান সম্বলিত প্যাড, কলম, ও স্টিকারযুক্ত সেমিনার-ফোল্ডার আমন্ত্রিত অতিথিদের আসনে বিতরণ করা।

(ট) সেমিনারে বিতরণের লক্ষ্যে WCO সার্টিফিকেট অব মেরিট WCO Affairs শাখার সাথে সমন্বয়ক্রমে মুদ্রণের ব্যবস্থা করা।

(ঠ) ২০ (বিশ) টি সার্টিফিকেট-ফোল্ডার (Certificate Folder) তৈরি এবং বিতরণের জন্য সেমিনারস্থলে প্রস্তুত রাখা।

(ড) WCO সার্টিফিকেট অব মেরিট সম্মাননা প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী/প্রতিষ্ঠানসমূহকে বাংলাদেশ কাস্টমস ও ভ্যাট এর পক্ষ থেকে "সম্মাননা ক্রেস্ট" প্রদানের লক্ষ্যে ২০ (বিশ) টি মানসম্মত ও টেকসই "সম্মাননা ক্রেস্ট" তৈরি এবং বিতরণের জন্য সেমিনারস্থলে প্রস্তুত রাখা এবং বিতরণ করা।
(ঢ) "সম্মাননা ক্রেস্ট" এর ডিজাইন ও কনটেন্ট/লেখার বিষয়ে উদযাপন কমিটির আহ্বায়কের পূর্বানুমোদন গ্রহণ করা।
(ণ) WCO সার্টিফিকেট অব মেরিট সম্মাননাপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর জন্য সুনির্দিষ্ট আসন চিহ্নিত করা।
(ত) সেমিনার স্থলে আগত অতিথিদের সাথে সার্টিফিকেট অব মেরিট সম্মাননাপ্রাপ্ত কর্মকর্তা/ কর্মচারীকে পরিচিত করিয়ে দেয়ার লক্ষ্যে সম্মাননাপ্রাপ্তদের তথ্য সংগ্রহ করে এ সংক্রান্ত একটি Power Point Presentation তৈরি ও সেমিনারের উপস্থাপকের মাধ্যমে তা প্রদর্শনের ব্যবস্থা করা।
(থ) সেমিনার আয়োজন সংশ্লিষ্ট অন্যান্য সকল কার্যক্রম গ্রহণ করা।
(দ) এ সংক্রান্ত সার্বিক সমন্বয়ের জন্য একটি WhatsApp Group গঠন করা।
(ধ) সেমিনার সঞ্চালনার জন্য একাধিক সঞ্চালক নির্বাচনপূর্বক সেমিনারের "উপস্থাপন স্ক্রিপ্ট" কেন্দ্রীয় উদযাপন কমিটির আহ্বায়কের অনুমোদন গ্রহণ করা।
(ন) সংশ্লিষ্ট অন্যান্য কমিটির সাথে সমন্বয় সাধন করা। এবং
(প) বিবিধ।

ii) কেন্দ্রীয় আপ্যায়ন উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| (১) | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | আহবায়ক |
| (২) | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| (৩) | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| (৪) | উপ কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| (৫) | সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য |
| (৬) | যুগ্ম কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:
(ক) স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত জাতীয় রাজস্ব বোর্ডের মাল্টিপারপাস হল রুমে আপ্যায়ন অনুষ্ঠান আয়োজন করা।
(খ) স্টিয়ারিং কমিটিকে অবহিত রেখে মধ্যাহ্নভোজ (প্যাকেট) নির্ধারিত সেমিনারস্থলে বিতরণের ব্যবস্থা করা।
(গ) সেমিনার শেষে সেমিনার আয়োজন ও অভ্যর্থনা উপ-কমিটির সাথে সমন্বয়ের মাধ্যমে প্রধান অতিথি এবং বিশেষ অতিথিসহ অন্যান্য অতিথিদের জন্য হেডটেবিল ও অন্যান্য টেবিল নির্ধারণ করা।
(ঘ) আমন্ত্রিত অতিথিগণের ড্রাইভার ও নিরাপত্তা কর্মকর্তাগণের জন্য আপ্যায়নের ব্যবস্থা করা।
(ঙ) এ সংক্রান্ত সার্বিক সমন্বয়ের জন্য একটি WhatsApp Group গঠন করা।
(চ) সংশ্লিষ্ট অন্যান্য কমিটির সাথে সমন্বয় সাধন করা। এবং
(ছ) বিবিধ।

iii) স্মরণিকা প্রকাশনা উপ-কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| (১) | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | আহবায়ক |
| (২) | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস,এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| (৩) | যুগ্ম কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| (৪) | দ্বিতীয় সচিব (কাস্টমস মূল্যায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| (৫) | উপ কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য |
| (৬) | উপ কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পূর্ব), ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

(ক) আন্তর্জাতিক কাস্টমস দিবসের মূল প্রতিপাদ্য/Theme এর উপর ভিত্তি করে বাংলাদেশ কাস্টমস এর উল্লেখযোগ্য কার্যক্রমকে highlight করে ইলেকট্রনিক ভার্সনে একটি স্মরণিকা (E-Souvenir) প্রকাশ করা।

(খ) কাস্টমস, মূসক ও অন্যান্য দপ্তর এবং সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের কাছ থেকে আন্তর্জাতিক কাস্টমস দিবসের Theme এর উপর গুরুত্ব আরোপ করে লেখা সংগ্রহ করা।

(গ) প্রাপ্ত লেখা/প্রবন্ধসমূহ হতে উল্লেখযোগ্য ও গুরুত্বপূর্ণ প্রবন্ধসমূহ বাছাইকরতঃ আগামী ১৫ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে স্মরণিকাটি প্রকাশ করা।

(ঘ) টেলিফোন নির্দেশিকা মুদ্রণ এবং টেলিফোন নির্দেশিকার Digital Copy ও Hard Copy আগামী ২০ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে বিতরণ করা এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক প্রণীত নির্দেশনা অনুসরণপূর্বক টেলিফোন নির্দেশিকা প্রণয়ন করতে হবে।

(ঙ) টেলিফোন নির্দেশিকার খসড়াকপি প্রস্তুতের পর যাচাই-বাছাইয়ের জন্য খসড়াটি Google Docs বা এই ধরনের অন্যকোন প্লাটফর্মে আপলোড করে তার উপর আগামী ১০ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে কর্মকর্তাদের মতামত গ্রহণ করা।

(চ) এ সংক্রান্ত সার্বিক সমন্বয়ের জন্য একটি WhatsApp Group গঠন করা।

(ছ) সংশ্লিষ্ট অন্যান্য কমিটির সাথে সমন্বয় সাধন করা। এবং

(জ) বিবিধ।

iv) কেন্দ্রীয় প্রচার উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| (১) | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা | আহবায়ক |
| (২) | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য |
| (৩) | যুগ্ম কমিশনার (সকল),কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য |
| (৪) | জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| (৪) | উপ/সহকারী কমিশনার (সকল),কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য |
| (৫) | উপ কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

(ক) বিভিন্ন জনপ্রিয় সোশাল মিডিয়া এবং অনলাইনভিত্তিক ইলেকট্রনিক ও ডিজিটাল মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড দ্বারা অনুমোদিত স্লোগানসমূহের আলোকে কাস্টমস বিষয়ক জনসচেতনতা বৃদ্ধির লক্ষে ব্যাপক প্রচার-প্রচারণার পাশাপাশি নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করবেন:

i) আমদানি-রপ্তানির বিষয়ে বিভিন্ন স্লোগানসহ মূল প্রতিপাদ্য বিষয়ের স্লোগান তৈরি ও স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণ।

ii) ঐ সকল শ্লোগান ক্যাবল অপারেটরের মাধ্যমে প্রচার, রেডিও, টিভি ও সিনেমা হলে প্রচার এবং অন্যান্য ব্যাপক প্রচারিত মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

iii) কেন্দ্রিয়ভাবে অনুষ্ঠেয় প্রোগ্রাম বিভিন্ন টিভি চ্যানেলে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ।

iv) অনলাইন, ডিজিটাল, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে সকল ধরনের যোগাযোগ।

v) কাস্টমস বিষয়ে জনসচেতনতা সৃষ্টির লক্ষে সোশ্যাল মিডিয়াতে ইনোভেটিভ আইডিয়া প্রচার।

vi) একটি ক্রোড়পত্র প্রস্তুত করে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশ করা।

(খ) দিবসটি উপলক্ষে শুল্ক-কর প্রদান এবং Trade Facilitation বিষয়ক উৎসাহব্যঞ্জক শ্লোগান সম্বলিত ফ্লায়ার/লিফলেট ও স্টিকার প্রস্তুতকরতঃ তা ঢাকা ও ঢাকার বাইরের (আঞ্চলিক কমিটির মাধ্যমে) সকল দপ্তরে বিতরণ করা (এ বছর কোন প্রকার পোস্টার তৈরি ও বিতরণ করা হবে না)।

(গ) ফ্লায়ার/লিফলেটের বিষয়বস্তু নির্ধারণের ক্ষেত্রে Trade Facilitation Agreement (TFA), Prearrival Processing, Authorized Economic Operator (AEO), Coordinated Border Management (CBM), Passenger Facilitation, Post Clearance Audit, National Single Window (NSW) সংক্রান্ত বিষয়সমূহের উপর বিশেষ গুরুত্ব আরোপ করবেন।

(ঘ) দিবসটি উদযাপন উপলক্ষে জনসংযোগ কর্মকর্তার মাধ্যমে বিটিআরসি হতে নিরাপদ বাণিজ্য বিষয়ক টেক্সট মেসেজ প্রেরণের উদ্যোগ গ্রহণ করা।
(ঙ) এ সংক্রান্ত সার্বিক সমন্বয়ের জন্য একটি WhatsApp Group গঠন করা।
(চ) সংশ্লিষ্ট অন্যান্য কমিটির সাথে সমন্বয় সাধন করা। এবং
(ছ) বিবিধ।

v) আমন্ত্রণ ও বিতরণ উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| (১) | মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | আহবায়ক |
| (২) | অতিরিক্ত মহাপরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| (৩) | যুগ্ম পরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| (৪) | প্রথম সচিব (মূসক নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| (৫) | উপ পরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| (৬) | সহকারী পরিচালক (সকল), কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| (৭) | ঢাকায় অবস্থিত সকল কাস্টমস হাউস/ভ্যাট-কমিশনারেট/কাস্টমস ও মূসক অধিদপ্তরের প্রতিনিধিগণ | সদস্য |
| (৮) | উপ পরিচালক-১, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:
(ক) কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটির সাথে আলোচনাক্রমে দিবসটি উদযাপন উপলক্ষে আয়োজিত কেন্দ্রীয় মূল অনুষ্ঠানের সময়সূচী নির্ধারণ, প্রধান অতিথি ও বিশেষ অতিথি নির্ধারণ এবং সে অনুযায়ী নিমন্ত্রণ পত্রের খসড়া তৈরী ও অনুমোদন গ্রহণ করা।
(খ) নিমন্ত্রিত অতিথিদের তালিকা প্রস্তুত করে কেন্দ্রীয় স্টিয়ারিং কমিটির অনুমোদন গ্রহণ করা।
(গ) নিমন্ত্রণ পত্র তৈরী ও অতিথিদের নিকট বিতরণ করা।
(ঘ) প্রধান অতিথি ও বিশেষ অতিথিবৃন্দের সাথে যোগাযোগপূর্বক তাঁদের উপস্থিতি নিশ্চিত করা।
(ঙ) কাস্টমস বিভাগের কর্মকর্তাগণসহ অন্যান্য স্টেকহোল্ডারগণ [BGB, Police, Navy, Coast Guard, Attorney General's Office, বাংলাদেশ ব্যাংক, বাণিজ্য মন্ত্রণালয়, পররাষ্ট্র মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, নৌ-পরিবহন মন্ত্রণালয়, স্থলবন্দর কর্তৃপক্ষ, পরমানু শক্তি কমিশন, ব্যবসায়ী সংগঠন ইত্যাদি দপ্তরের প্রতিনিধি] সমন্বয়ে আনুমানিক ১০০ (একশত) জনের অংশগ্রহণ নিশ্চিত করা।
(চ) কেন্দ্রীয় সেমিনার আয়োজন ও অভ্যর্থনা উপ-কমিটির সাথে এ বিষয়ে সমন্বয় সাধন করা।
(ছ) এ সংক্রান্ত সার্বিক সমন্বয়ের জন্য একটি WhatsApp Group গঠন করা।
(জ) সংশ্লিষ্ট অন্যান্য কমিটির সাথে সমন্বয় সাধন করা এবং
(ঝ) বিবিধ।

vi) Keynote Paper উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| (১) | কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা | আহবায়ক |
| (২) | প্রথম সচিব (কাস্টমস নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| (৩) | জনাব মুহাম্মদ কামরুল হাসান, যুগ্ম কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা | সদস্য |
| (৪) | জনাব আকতার হোসেন, যুগ্ম কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা (পুর্ণকালিন সংযুক্তি: কাস্টমস আধুনিকায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঢাকা) | সদস্য |
| (৫) | জনাব নাজমুন নাহার কায়সার, যুগ্ম কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা | সদস্য |
| (৬) | জনাব এ কে এম খায়রুল বাসার, দ্বিতীয় সচিব (কাস্টমস: Data Analytics), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |

| | | |
|---|---|---|
| (৭) | জনাব মোঃ মাহবুবুর রহমান, ডেপুটি কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা | সদস্য |
| (৮) | দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| (৯) | জনাব ইমাম গাজ্জালী, উপ-পরিচালক, নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর-মূসক, ঢাকা | সদস্য |
| (১০) | দ্বিতীয় সচিব (কাস্টমস: আধুনিকায়ন ও প্রকল্প ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| (১১) | দ্বিতীয় সচিব (কাস্টমস: WCO Affairs), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| (১২) | দ্বিতীয় সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| (১৩) | জনাব মোঃ বায়জিদ হোসেন, উপ-পরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| (১৪) | দ্বিতীয় সচিব (কাস্টমস: নীতি ও বাজেট), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য সচিব |
| (১৫) | জনাব মোঃ সাকিব হোসেন, সহকারী কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট (আপিল) কমিশনারেট, ঢাকা- ১, ঢাকা | সদস্য |
| (১৬) | জনাব সামিহা আশরাফী, সহকারী কমিশনার, কাস্টমস হাউস, ঢাকা | সদস্য |

কার্যপরিধি:

(ক) কাস্টমস অনুবিভাগের সদস্য মহোদয়গণের সাথে আলোচনা/পরামর্শপূর্বক আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপন উপলক্ষে এ বছরের প্রতিপাদ্য বিষয়সহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়ের উপর আগামী ৩১ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখের মধ্যে Keynote Paper এর খসড়া প্রস্তুত করা।

(খ) Keynote Paper প্রস্তুত করার সময় World Customs Organization (WCO) কর্তৃক নির্ধারিত স্লোগান/থিম সংশ্লিষ্ট জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক গৃহীত ও গৃহীতব্য কার্যক্রমের উপর আলোকপাত করা।

(গ) Keynote Paper টি সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা কর্তৃক অনুমোদনের পর তা মুদ্রণ করে সকল ঢাকাস্থ ও ঢাকার বাহিরের কমিশনারেটসমূহে প্রেরণ/বিতরণের ব্যবস্থা গ্রহণ করা।

(ঘ) Keynote Paper উপস্থাপনের জন্য একটি Power Point Presentation প্রস্তুত করা এবং এ বিষয়ে উপস্থাপকের সাথে সমন্বয়সাধন করা।

(ঙ) কেন্দ্রীয় সেমিনার আয়োজন ও অভ্যর্থনা উপ-কমিটির সাথে সমন্বয় করে Keynote Paper টি কেন্দ্রীয় সেমিনারে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করা [মাঠ পর্যায়ের দপ্তরসমূহ উক্ত Keynote Paper স্ব-স্ব দপ্তরের অনুষ্ঠেয় সেমিনার অথবা আঞ্চলিক কমিটি কর্তৃক নির্ধারিত অন্যকোন অনুষ্ঠানে উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করবেন]।

(চ) সেমিনারস্থলে Keynote Paper এর উপর আলোচনার জন্যে কাস্টমসসের সাথে সরাসরি সংযুক্ত স্টেকহোল্ডারগণের মধ্য থেকে ন্যূনতম ০৩ (তিন) জনকে আমন্ত্রণ জানানো এবং তাদের উপস্থিতি নিশ্চিত করা। এ বিষয়ে নিমন্ত্রণ উপ-কমিটির সাথে সমন্বয় সাধন করা।

(ছ) স্টেকহোল্ডার নির্বাচনের ক্ষেত্রে উদযাপন কমিটির আহ্বায়কের উপস্থিতিতে চেয়ারম্যান মহোদয়ের পূর্বানুমতি গ্রহণ করা। একইসাথে স্টেকহোল্ডারগণের সাথে এ বিষয়ে সার্বক্ষণিক যোগাযোগের জন্য কাস্টমস হাউস, ঢাকার একজন কর্মকর্তা (অন্যূন সহকারী কমিশনার)-কে দায়িত্ব প্রদান করা।

(জ) কেন্দ্রীয় সেমিনারে উপস্থিত প্রধান অতিথি, বিশেষ অতিথিসহ অন্যান্য (প্রযোজ্য ক্ষেত্রে) অতিথিগণের জন্য খসড়া বক্তৃতা/Talking Points প্রস্তুতপূর্বক তা আগামী ২০ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে অতিথিগণকে প্রেরণ করা।

(ঝ) Keynote Paper ও Speech এর বিষয়বস্তু নির্ধারণের ক্ষেত্রে ক্রোড়পত্র প্রকাশনা উপ-কমিটির সাথে সমন্বয় সাধন করা।

(ঞ) এ সংক্রান্ত সার্বিক সমন্বয়ের জন্য একটি WhatsApp Group গঠন করা।

(ট) সংশ্লিষ্ট অন্যান্য কমিটির সাথে সমন্বয় সাধন করা। এবং

(ঠ) বিবিধ।

vii) টক-শো উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| (১) | কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | আহ্বায়ক |
| (২) | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য |
| (৩) | বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, তেজগাঁও, ঢাকা | সদস্য |
| (৪) | বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাটবিভাগ, গুলশান, ঢাকা | সদস্য |
| (৫) | বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা | সদস্য |
| (৬) | বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট বিভাগ, ধানমন্ডি, ঢাকা | সদস্য |
| (৭) | সহকারী কমিশনার, ডিভিশন-১, বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা | সদস্য |
| (৮) | যুগ্ম কমিশনার-১, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

(ক) আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ এর গুরুত্ব এবং তাৎপর্য প্রচারের জন্য বিভিন্ন টিভি চ্যানেলে টক-শো এর আয়োজন করা।

(খ) স্টিয়ারিং কমিটির সাথে আলোচনাক্রমে টক-শোতে অংশগ্রহণকারী সিনিয়র কাস্টমস কর্মকর্তাগণের তালিকা তৈরী এবং নির্ধারিত সময়সূচী অনুযায়ী তাদের অংশগ্রহণ নিশ্চিত করা। এছাড়াও নিম্নে উল্লেখিত বিশিষ্টজনদের নিয়ে টেলিভিশনে অনুষ্ঠান আয়োজন:

| |
|---|
| ১। মাননীয় অর্থ উপদেষ্টা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার। |
| ২। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। |
| ৩। কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের সকল সদস্য। এবং |
| ৪। এফবিসিসিআই এর প্রেসিডেন্টসহ বিভিন্ন চেম্বারের নেতৃবৃন্দ। |

এ লক্ষ্যে বিভিন্ন টিভি, বাংলাদেশ বেতার ও এফ. এম রেডিও চ্যানেল এর সাথে যোগাযোগ করে অনুষ্ঠানের সময় নির্ধারণ, সমন্বয়করণ এবং ব্যবস্থা গ্রহণ।

(গ) ২৬ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখে সেমিনার অনুষ্ঠানের আগের দিন (অর্থাৎ ২৫ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখে) জাতীয় রাজস্ব বোর্ডে প্রেস ব্রিফিংয়ের আয়োজন করা এবং এ লক্ষ্যে প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাথে সকল ধরনের যোগাযোগ।

(ঘ) ব্রিফিং শেষে মিডিয়া কর্মীদের মাঝে প্রেস রিলিজ বিতরণ করা।

(ঙ) ২৫-২৭ জানুয়ারি ২০২৬ খ্রি. এই ০৩ (তিন) দিন বিভিন্ন টিভি চ্যানেলে টক-শো আয়োজনের উদ্যোগ গ্রহণ করা।

(চ) টক শো উপ-কমিটিতে জনসংযোগ কর্মকর্তা, NBR কে Co-opt করা হবে। এক্ষেত্রে প্রেস রিলিজ প্রস্তুতের ক্ষেত্রে টক-শো উপ-কমিটির সদস্য হিসেবে জনসংযোগ কর্মকর্তা, NBR একটি খসড়া প্রেস রিলিজ প্রস্তুতপূর্বক আহ্বায়ক, টক-শো উপ-কমিটি এবং আহ্বায়ক, উদযাপন কমিটি ও সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য) মহোদয়ের মাধ্যমে চেয়ারম্যান মহোদয়ের অনুমোদন নিবেন। কাস্টমস দিবসের ন্যূনতম ০২ (দুই) সপ্তাহ পূবে তা প্রস্তুত করতে হবে।

(ছ) এ সংক্রান্ত সার্বিক সমন্বয়ের জন্য একটি WhatsApp Group গঠন করা।

(জ) সংশ্লিষ্ট অন্যান্য কমিটির সাথে সমন্বয় সাধন করা। এবং

(ঝ) বিবিধ।

viii) সাজ-সজ্জা উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| (১) | কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা | আহবায়ক |
| (২) | অতিরিক্ত কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য |

| | | |
|---|---|---|
| (৩) | উপ কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য |
| (৪) | সহকারী কমিশনার (সকল), কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য |
| (৫) | যুগ্ম কমিশনার-১, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

(ক) দিবসটি উপলক্ষে জাতীয় রাজস্ব ভবনসহ কাস্টমস ও ভ্যাট দপ্তরসমূহ কাস্টমস দিবস বিষয়ক ব্যানার, এক্স-ব্যানার ও ফেস্টুন দ্বারা সজ্জিত করা হবে।

(খ) এক্স-ব্যানার তৈরি এবং তা ঢাকাস্থ বিভিন্ন দপ্তরে বিতরণ করা এবং এক্স-ব্যানারের ডিজাইনের সফট কপি ই-মেইলযোগে আঞ্চলিক কমিটিসমূহকে আগামী ২১ ডিসেম্বর ২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করা (আঞ্চলিক কমিটিসমূহ নিজ উদ্যোগে এক্স-ব্যানার প্রিন্ট করে ঢাকার বাইরের কমিশনারেটসমূহকে বিতরণ করবেন)।

(গ) ফেস্টুন ও ব্যানারের বাণী ও স্লোগান প্রণয়ন এবং অনুমোদন গ্রহণ এবং তা কেন্দ্রীয় প্রচার উপ-কমিটি ও আঞ্চলিক কমিটিকে অবহিত করা।

(ঘ) ব্যানার/ফেস্টুন তৈরি ও সরবরাহের জন্য নমুনা প্রস্তুত করে বাছাই এবং তা অনুমোদনের জন্য উদযাপন কমিটির আহ্বায়কের মাধ্যমে স্টিয়ারিং কমিটির নিকট উপস্থাপন করা।

(ঙ) এ সংক্রান্ত সার্বিক সমন্বয়ের জন্য একটি WhatsApp Group গঠন করা।

(চ) সংশ্লিষ্ট অন্যান্য কমিটির সাথে সমন্বয় সাধন করা। এবং

(ছ) বিবিধ।

ix) Certificate of Merit উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| (১) | সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | আহবায়ক |
| (২) | সদস্য (কাস্টমস: নীতি ও আইসিটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| (৩) | সদস্য (মূসক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| (৪) | সদস্য (কাস্টমস ও ভ্যাট প্রশাসন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| (৫) | প্রথম সচিব (কাস্টমস: আন্তর্জাতিক বাণিজ্য ও চুক্তি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

(ক) উক্ত উপ-কমিটির কর্মপরিধি জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা কর্তৃক প্রস্তুতকৃত খসড়া ওয়ার্ল্ড কাস্টমস অর্গানাইজেশন সার্টিফিকেট অব মেরিট (WCO Certificate of Merit) নীতিমালা এর মাধ্যমে নির্ধারিত হবে।

x) অডিট উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| (১) | মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | আহবায়ক |
| (২) | উপ-পরিচালক (সকল), শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | সদস্য |
| (৩) | দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৫), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| (৪) | সহকারী পরিচালক (সকল), শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | সদস্য |
| (৫) | যুগ্ম পরিচালক-১, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

(ক) আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপন উপলক্ষে বরাদ্দকৃত অর্থের ব্যয় সংক্রান্ত যাবতীয় কার্যাবলীর নিরীক্ষা কার্যক্রম গ্রহণ করা।

(খ) আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপনের ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে নিরীক্ষা প্রতিবেদন (বরাদ্দকৃত অর্থের প্রকৃত ব্যয় বিবরণী ও বিল ভাউচারসহ সমন্বয়ের হালনাগাদ তথ্য) কাস্টমস দিবস উদযাপন কমিটির আহ্বায়কের মাধ্যমে চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা'র নিকট দাখিলকরণ করা।

(গ) এ সংক্রান্ত সার্বিক সমন্বয়ের জন্য একটি WhatsApp Group গঠন করা।

(ঘ) সংশ্লিষ্ট অন্যান্য কমিটির সাথে সমন্বয় সাধন করা। এবং

(ঙ) বিবিধ।

xi) ইলেকট্রনিক ও ডিজিটাল মিডিয়া ক্যাম্পেইন উপ-কমিটি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| | | |
|---|---|---|
| (১) | জনাব মোঃ বশীর আহমেদ, কমিশনার (চ: দা:), কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা | আহ্বায়ক |
| (২) | জনাব মোঃ শহীদুল ইসলাম, অতিরিক্ত কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা | সদস্য |
| (৩) | জনাব শাকিলা পারভীন, অতিরিক্ত কমিশনার, কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা | সদস্য |
| (৪) | জনাব হাসনাইন মাহমুদ, যুগ্ম কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা | সদস্য |
| (৫) | জনাব স্নিগ্ধা বিশ্বাস, যুগ্ম কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা | সদস্য |
| (৬) | জনাব প্রিয়াংকা দাস শিপু, ডেপুটি কমিশনার, কাস্টমস হাউস, পানগাঁও, ঢাকা | সদস্য |
| (৭) | জনাব নিপুণ চাকমা, সহকারী প্রকল্প পরিচালক, পূর্ণকালীন সংযুক্তিতে- কাস্টমস আধুনিকায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য |
| (৮) | জনাব নাজমা জ্যাবিন, দ্বিতীয় সচিব (কাস্টমস আধুনিকায়ন ও প্রকল্প ব্যবস্থাপনা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা | সদস্য সচিব |

কার্যপরিধি:

(ক) উপ-কমিটির আহ্বায়ক প্রয়োজনীয় সংখ্যক অতিরিক্ত সদস্য কো-অপ্ট করে আদেশ জারি করবেন এবং কমিটির কার্যাবলী সুচারুরূপে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সভা আহ্বানপূর্বক গৃহীত কার্যক্রমের বিষয়ে আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপন কমিটির আহ্বায়ককে অবহিত রাখবেন।

(খ) আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ এর গুরুত্ব তুলে ধরে AEO/ NSW এর উপর ০১টি ডকুমেন্টারী/ টিভিসি প্রস্তুত করা।

(খ) আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উপলক্ষে প্রস্তুতকৃত ডকুমেন্টারি-টির (বাংলা ও ইংরেজি সংস্করণ) শর্ট ভার্সন (সর্বোচ্চ ০২ মিনিট। ইংরেজি ভার্সনের ক্ষেত্রে ইংরেজি সাবটাইটেলসহ) প্রফেশনাল কনটেন্ট ক্রিয়েটরের মাধ্যমে তৈরি করা, যাতে কাস্টমস দিবস ছাড়াও জাতীয় রাজস্ব বোর্ডের অন্যান্য আয়োজনে উক্ত ডকুমেন্টারী প্রদর্শন করা যায়।

(গ) কাস্টমস সম্পর্কিত ডকুমেন্টারীর ধারাভাষ্য ইংরেজিতে করা (ধারাভাষ্যের Accent সুস্পষ্ট/ আন্তর্জাতিক মানের হতে হবে)।

(ঘ) ডকুমেন্টারী এবং টিভিসি প্রচার/বিতরণের পূর্বে তা কাস্টমস ও ভ্যাট অনুবিভাগের সকল সদস্যগণের উপস্থিতিতে চেয়ারম্যান মহোদয়ের সম্মুখে প্রদর্শনের ব্যবস্থা করা।

(ঙ) এ সংক্রান্ত সার্বিক সমন্বয়ের জন্য একটি WhatsApp Group গঠন করা।

(চ) সংশ্লিষ্ট অন্যান্য কমিটির সাথে সমন্বয় সাধন করা এবং

(ছ) বিবিধ।

**[ক.২] আঞ্চলিক কমিটিসমূহ:**

| ক্র. নং | কমিটির নাম | অধিক্ষেত্র | আহবায়ক |
|---|---|---|---|
| ১। | আঞ্চলিক কমিটি, চট্টগ্রাম | ক) কাস্টমস হাউস, চট্টগ্রাম।<br>খ) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম।<br>গ) কাস্টমস বন্ড কমিশনারেট, চট্টগ্রাম।<br>ঘ) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিংএকাডেমি, চট্টগ্রাম এবং<br>ঙ) কাস্টমস এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, চট্টগ্রাম। | আঞ্চলিক কমিটি, চট্টগ্রামের অধিক্ষেত্রাধীন দপ্তরসমূহের জ্যেষ্ঠতম কমিশনার আহ্বায়কের দায়িত্ব পালন করবেন। |
| ২। | আঞ্চলিক কমিটি, কুমিল্লা | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা। | কমিশনার<br>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, কুমিল্লা। |
| ৩। | আঞ্চলিক কমিটি, যশোর-বেনাপোল | ক) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, যশোর এবং<br>খ) কাস্টমস হাউস, বেনাপোল। | আঞ্চলিক কমিটি, যশোর-বেনাপোল এর অধিক্ষেত্রাধীন দপ্তরসমূহের জ্যেষ্ঠতম কমিশনার আহ্বায়কের দায়িত্ব পালন করবেন। |
| ৪। | আঞ্চলিক কমিটি, খুলনা-মোংলা | ক) কাস্টমস হাউস, মোংলা।<br>খ) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা। এবং<br>গ) কাস্টমস এক্সাইজ ও ভ্যাট (আপীল) কমিশনারেট, খুলনা। | আঞ্চলিক কমিটি, খুলনা-মোংলা এর অধিক্ষেত্রাধীন দপ্তরসমূহের জ্যেষ্ঠতম কমিশনার আহ্বায়কের দায়িত্ব পালন করবেন। |
| ৫। | আঞ্চলিক কমিটি, রাজশাহী | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী। | কমিশনার<br>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রাজশাহী। |
| ৬। | আঞ্চলিক কমিটি, রংপুর | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর। | কমিশনার<br>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, রংপুর। |
| ৭। | আঞ্চলিক কমিটি, সিলেট | কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট। | কমিশনার<br>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, সিলেট। |
| ৮। | আঞ্চলিক কমিটি, ময়মনসিংহ, শেরপুর, জামালপুর | কাস্টমস এক্সাইজ ও ভ্যাট, ঢাকা (উত্তর), ঢাকা। | কমিশনার<br>কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ঢাকা (উত্তর), ঢাকা। |

কার্যপরিধি:

(ক) কমিটি সমূহের আহ্বায়কগণ কর্তৃক প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট অধিক্ষেত্রের কমিশনার/কমিশনারগণের সাথে আলোচনা করে আঞ্চলিক কমিটির সদস্য সংখ্যা ও কার্যাবলী নির্ধারণ করবে। তবে এক্ষেত্রে গৃহীত কার্যক্রম জাতীয় রাজস্ব বোর্ডের সামগ্রিক নির্দেশনার সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে।

(খ) আঞ্চলিক কমিটিসমূহ বরাদ্দকৃত অর্থ হতে স্মারক/প্রচারণা সামগ্রী তৈরি ও বিতরণ করবে। কোন আঞ্চলিক কমিটির আওতায় এক বা একাধিক কমিশনারেট থাকলে সংশ্লিষ্ট কাস্টমস হাউপস/কমিশনারেটের/ অধিদপ্তরের অনুকূলে বরাদ্দকৃত অর্থ হতে স্মারক/প্রচারণা সামগ্রী তৈরি ও বিতরণ করবে।

(গ) আঞ্চলিক কমিটি তাদের নিকট বরাদ্দকৃত অর্থ হতে নিজেদের জন্য প্রয়োজনীয় ব্যানার, লিফলেট ইত্যাদির প্রাক্কলন করে সে অনুযায়ী তৈরি ও বিতরণ করবে।

(ঘ) কেন্দ্রীয় কমিটি ও আঞ্চলিক কমিটির লিফলেট, ব্যানার, ফেস্টুনের আঙ্গিক ও কনটেন্ট অভিন্ন হবে। আঞ্চলিক কমিটি কেন্দ্রীয় কমিটির নিকট হতে লিফলেট, ব্যানার, ফেস্টুনের আঙ্গিক ও কনটেন্ট সংগ্রহ করবে।

(ঙ) আঞ্চলিক কমিটি যে কোন সামগ্রী সংগ্রহ/ক্রয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট কেন্দ্রীয় উপ-কমিটির সঙ্গে যোগাযোগ ও সমন্বয় রক্ষা করে কাজ করবে, আঞ্চলিক কমিটি কর্তৃক ক্রয়কৃত সামগ্রীর বাহ্যিক সাদৃশ্য ও গুণগতমান কেন্দ্রীয় উপ-কমিটিসমূহের অনুরূপ হতে হবে।

(চ) যে সকল আঞ্চলিক কমিটির আওতায় একাধিক দপ্তর রয়েছে সে সকল আঞ্চলিক কমিটির আহবায়কগণ অন্যান্য দপ্তর প্রধানগণের সঙ্গে পরামর্শ ও সমন্বয় রক্ষা করে কার্যক্রম পরিচালনা করবেন।

(ছ) আঞ্চলিক কমিটি তাদের সকল অনুষ্ঠান সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বিভাগীয় ও জেলা প্রশাসন এবং সংশ্লিষ্ট পুলিশ প্রশাসনের সাথে সার্বিক সমন্বয় রক্ষা করবেন।

০৬। দ্বিতীয় সচিব (কাস্টমস: WCO Affairs), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা আগামী ১৫ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে WCO এর Secretary General কর্তৃক স্বাক্ষরিত Certificate of Merit সংগ্রহ করবেন। অতঃপর, চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীদের নাম উক্ত সার্টিফিকেটে সুন্দর হাতের লেখায় লিপিবদ্ধ/কম্পিউটারে মুদ্রণের ব্যবস্থা গ্রহণ করার জন্য সংশ্লিষ্ট উপ-কমিটি বরাবর প্রেরণ করবেন।

০৭। প্রত্যেক উপ-কমিটি ও আঞ্চলিক কমিটি আগামী ৩০ নভেম্বর ২০২৫খ্রিঃ তারিখের মধ্যে তাদের উপ-কমিটির/আঞ্চলিক কমিটির নির্ধারিত কাজের জন্য প্রয়োজনীয় বাজেট বরাদ্দ উল্লেখ করে উদযাপন কমিটির আহ্বায়কের নিকট প্রেরণ করবেন। কমিটির আহবায়ক উপ-কমিটির/আঞ্চলিক কমিটির সভা আহ্বানপূর্বক তা সমন্বিত আকারে স্টিয়ারিং কমিটির অনুমোদন সাপেক্ষে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (বোর্ড প্রশাসন) এর নিকট প্রেরণ করার ব্যবস্থা গ্রহণ করবেন।

০৮। সকল কমিটি ও উপ-কমিটি/আঞ্চলিক কমিটিসমূহের আহ্বায়কের দপ্তরের অনুকূলে উক্ত কমিটি/উপ-কমিটির/আঞ্চলিক কমিটির ব্যয় নির্বাহের জন্য জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা হতে বাজেট বরাদ্দ করা হবে এবং স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সরকারের আর্থিক ব্যয় কৃচ্ছ্রতাসাধন নীতি অনুসরণ করে সুষ্ঠুভাবে স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে সে অর্থ ব্যবহার করতে হবে। কেন্দ্রীয় অডিট উপ-কমিটি উক্ত ব্যয়ের অডিট সম্পন্ন করে বোর্ডে প্রতিবেদন দাখিল করবেন। আঞ্চলিক কমিটিসমূহ কেন্দ্রীয় কমিটির কার্যক্রমের সাথে সামঞ্জস্য রেখে তাদের নিকট বরাদ্দকৃত অর্থ আইনানুগ পদ্ধতিতে স্বচ্ছতা ও জবাবদিহিতার সাথে ব্যয় করার জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে।

০৯। উপকমিটিসমূহ পূর্ববর্তী বৎসরে সংশ্লিষ্ট উপ-কমিটির কাজের পরিধির পর্যালোচনা, কোনো event/topic/ material এর সংযোজন, বিয়োজন বা modification বিষয়ে কোন প্রস্তাব থাকলে তা উদযাপন কমিটির আহ্বায়কের মাধ্যেমে স্টিয়ারিং কমিটির নিকট উপস্থাপন করে সিদ্ধান্ত গ্রহণ করার জন্য বলা যেতে পারে।

১০। আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপন সংশ্লিষ্ট কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য উপরোল্লিখিত কমিটি, উপ-কমিটি এবং আঞ্চলিক কমিটিসমূহ প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা/কর্মচারীকে কো-অপ্ট করতে পারবে এবং কমিটিসমূহ সকল স্টেকহোল্ডারদের সাথে ঘনিষ্ঠভাবে সমন্বয় সাধন করার জন্য বলা নির্দেশনা প্রদান করা যেতে পারে।

১১। কাস্টমস সংক্রান্ত কার্যক্রমসমূহ কেন্দ্রীয় মূল অনুষ্ঠানে প্রদর্শনের লক্ষ্যে জাতীয় রজস্ব বোর্ডের অধীনস্থ সংশ্লিষ্ট দপ্তরসমূহ তাদের উল্লেখযোগ্য Photograph এর Digital Copy আগামী ১ জানুয়ারি ২০২৬ খ্রি. তারিখের মধ্যে Pendrive/ CD এর মাধ্যমে কেন্দ্রীয় সেমিনার আয়োজন ও অভ্যর্থনা উপ-কমিটির নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে।

১২। জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য) উপরিউক্ত সার্বিক বিষয়ে প্রধান সমন্বয়কের দায়িত্ব পালন করবেন এবং চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোঁড, ঢাকা-কে নিয়মিতভাবে অবহিত রাখবেন। বর্ণিত অনুষ্ঠান

সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে বিভিন্ন বিষয়ক দিক-নির্দেশনার জন্য কেন্দ্রীয় উপ-কমিটিসমূহের ও আঞ্চলিক কমিটিসমূহের আহবায়কগণকে তাঁর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপনের জন্য জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করছে।

স্বাক্ষরিত/-
২৪.২২.২০২৫খ্রি.
(ড. মোহাঃ আল আমিন প্রামানিক)
সদস্য (কাস্টমস: নিরীক্ষা, আধুনিকায়ন ও আন্তর্জাতিক বাণিজ্য)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা
ও
সদস্য সচিব
স্টিয়ারিং কমিটি, আন্তর্জাতিক কাস্টমস দিবস, ২০২৬ উদযাপন ।

নথি নং- ০৮.০১.০০০০.০৫৬.০২.২৫.৩১৯ তারিখ: ২৪ নভেম্বর ২০২৫ খ্রিঃ।

**বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সদস্য, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. কমিশনার, কাস্টমস হাউস (সকল)।
৩. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট (সকল)।
৪. কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট (সকল)।
৫. কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট আপীল কমিশনারেট (সকল)।
৬. কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
৭. কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট-মূসক, ঢাকা।
৮. কমিশনার, কাস্টমস: রিস্ক ম্যানেজমেন্ট কমিশনারেট, ঢাকা।
৯. প্রকল্প পরিচালক, ন্যাশনাল সিঙ্গেল উইন্ডো প্রকল্প, আইডিইবি ভবন, কাকরাইল, ঢাকা/বন্ড অটোমেশন প্রকল্প, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কাস্টমস: আধুনিকায়ন ও অবকাঠামো উন্নয়ন প্রকল্প, ঢাকা/।
১০. মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ/সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল (সিআইসি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১১. মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমী, চট্টগ্রাম/নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূসক, ঢাকা/কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
১২. সিস্টেমস ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [পত্রটি সংযুক্তিসহ জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
১৩. প্রথম সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৪. দ্বিতীয় সচিব, কাস্টমস ও ভ্যাট অনুবিভাগ (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

**অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. প্রেসিডেন্ট, কাস্টমস, এক্সাইজ ও মূসক আপীলাত ট্রাইব্যুনাল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২. পিএস টু চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৪/১১/২০২৫
(দ্বৈপায়ন চাকমা)
দ্বিতীয় সচিব (কাস্টমস: WCO Affairs)
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
ই-মেইল: wcoaffairs.nbr@gmail.com